...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
এনজিও বিষয়ক শাখা

## অক্টোবর, ২০২১ মাসে অনুষ্ঠিত এনজিও কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | এম কাজী এমদাদুল ইসলাম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ৩১ অক্টোবর, ২০২১ |
| সভার সময় | দুপুর ১২:৪৫ টা |
| স্থান | Zoom application এর মাধ্যমে ভার্চুয়ালি সংযুক্ত |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

করোনা পরিস্থিতিতে Zoom Application এর মাধ্যমে ভার্চুয়ালি এই সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় উপস্থিত থেকে সকল এনজিও তাদের স্ব স্ব কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।

বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | এনজিও সমূহের মাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে এবং মুজিববর্ষ উদযাপন ও কোভিড-১৯ পরিস্থিতিতে এনজিও কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিস্তারিত প্রমাণকসহ বিবরণ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও |
| ২ | তালিকাভূক্ত এনজিও'দের মধ্যে ১৩ টি এনজিও সেপ্টেম্বর, ২০২১ মাসে মাসিক কার্যক্রমের প্রতিবেদন প্রদান করেছে। এনজিও সমূহের প্রকল্প বাস্তবায়নে স্থানীয় প্রশাসনকে সম্পৃক্তকরণের প্রত্যয়ন প্রদানকালে সেই প্রকল্পের নিয়মিত অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছিল কি না তা বিবেচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার, এনজিও বিষয়ক শাখা |
| ৩ | উপজেলায় এনজিওসমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং ও সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। সকল এনজিও'র অংশগ্রহণে উপজেলা এনজিও কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় কমিটির সভা নিয়মিত আয়োজন করে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ৪ | প্রকল্পের শুরুতেই স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে। টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে এবং দ্বৈততা পরিহারকরণের জন্য এনজিও সমূহ কর্তৃক প্রকল্প বাস্তবায়নে কার্যক্রম সম্পর্কে স্থানীয় প্রশাসনকে প্রতিটি পর্যায়ে সার্বিকভাবে সম্পৃক্ত ও অবহিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও |
| ৫ | দ্বৈততা পরিহার ও টেকসই উন্নয়ন নিশ্চিতকরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এনজিও প্রকল্পের আওতায় উপকারভোগীদের তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও |
| ৬ | বর্তমান পরিস্থিতিতে বেকারত্ব দূরীকরণে কর্মসংস্থান তৈরীতে সরকারের পাশাপাশি এনজিওদেরকেও প্রকল্প গ্রহণ করতে হবে। দক্ষ জনসম্পদ গড়ে তোলার জন্য বিভিন্ন ধরণের বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে এবং প্রান্তিক পর্যায়ে ভার্চুয়ালি শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্প গ্রহণ করতে হবে। | সকল এনজিও |
| ৭ | কোভিড-১৯ এর বর্তমান উদ্ভূত পরিস্থিতিতে প্রান্তিক জনগোষ্ঠীর জনগণের নিকট হতে ঋণের কিস্তি আদায় করার ক্ষেত্রে যুক্তিসংগত আচরণ করতে হবে। | সকল এনজিও |

| | | |
|---|---|---|
| ৮ | ক) যে সকল এনজিও এখন পর্যন্ত এনজিও পোর্টাল, সিলেট এ অন্তর্ভূক্ত হননি তাদের অতি দুত এনজিও পোর্টালে অন্তর্ভুক্ত হতে হবে।<br>খ) প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট এর সাথে যোগাযোগ করে আগামী এনজিও সভার পূর্বে স্ব স্ব তথ্যসমূহ এনজিও পোর্টালে হালনাগাদ করতে হবে। | সকল এনজিও |
| ৯ | এনজিও পোর্টাল সচল রাখা এবং পোর্টালে অন্তর্ভূক্ত এনজিওসমূহের ওয়েবসাইট হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী কমিশনার, এনজিও শাখা, প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার |
| ১০ | এনজিও সমূহ কর্তৃক গৃহীত কার্যক্রমের স্বাক্ষরিত প্রতিবেদন সরাসরি এ কার্যালয়ের জেলা ই-সেবা কেন্দ্র অথবা ই-মেইলে (dcsylhet@mopa.gov.bd) প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ কর হয়। | সকল এনজিও |
| ১১ | উপকারভোগীদের তথ্য অধিকার নিশ্চিতকল্পে এনজিও সমূহের স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালে তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, পদবী, মোবাইল নাম্বার ও ই-মেইল আপলোড করতে হবে। প্রতিটি সংস্থার নিজস্ব দপ্তরের দৃশ্যমান স্থানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন নাম্বার, দাপ্তরিক ইমেইল ও ওয়েব এড্রেস লিখে সাইনবোর্ড টানাতে এবং সকল এনজিও-কে স্ব প্রনোদিত তথ্য প্রকাশের আহবান জানানো হয়। | সকল এনজিও |
| ১২ | সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য এনজিও পোর্টাল, সিলেট এবং সকল এনজিও সংস্থার ই-মেইল এ সভার নোটিশ প্রদান করতে হবে। প্রত্যেক এনজিও'র উপযুক্ত প্রতিনিধি সভায় উপস্থিত/সংযুক্ত হতে হবে। | সহকারী কমিশনার, এনজিও শাখা এবং সকল এনজিও |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় কোভিড-১৯ এর বর্তমান পরিস্থিতিতে সবার সুস্থতা ও দীর্ঘায়ু কামনা এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০৩১.০৬.০০১.১৯.৮৯

তারিখ: ১৯ কার্তিক ১৪২৮
০৪ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো
২) বিভাগীয় কমিশনার, সিলেট
৩) উপমহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক
৪) পুলিশ সুপার, সিলেট
৫) সিভিল সার্জন, সিলেট
৬) উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৭) চেয়ারম্যান ........................................................ উপজেলা পরিষদ (সকল), সিলেট
৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
৯) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
১০) নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট
১১) উপপরিচালক , জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট
১২) উপপরিচালক ................................................., ........................., সিলেট
১৩) জেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট

১৪) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট

১৫) চেয়ারম্যান, জেলা মহিলা সংস্থা, সিলেট

১৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট (কার্যবিবরণী এনজিও পোর্টালে আপলোড করার অনুরোধসহ)

১৭) গোপনীয় সহকারী (অফিস), জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

১৮) জনাব................................................, ..................................., সিলেট (সকল এনজিও)

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক